



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajur.gov.bd



স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.৯৯.০২৪.২৩.১৭০৬

তারিখ: ২৫/১০/২০২৩ ইং

মাটি/বালি নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, "জেলা ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি"র সভার অনুমোদন ও নির্দেশনার আলোকে বিআইডব্লিউটিএ কর্তৃক দিনাজপুর জেলার পুনর্ভবা নদীর খনন কাজের খননকৃত মাটি/বালি স্পট নিলামের উদ্দেশ্যে সরকারি নিয়ম প্রতিপালন সাপেক্ষে আগামী ০১ নভেম্বর ২০২৩ইং তারিখে নিম্ন নিম্নবর্ণিত লট সমূহের স্পট নিলাম করা হবে। শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে নির্দিষ্ট তারিখে নিলামে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হলো-

লট নং	ইউনিয়নের নাম	মোজার নাম	গ্রামের নাম / ঠিকানা	মাটি/বালির পরিমাণ (ঘনফুট)	দাণ্ডরিক প্রাক্কলিত মূল্য	নিলামে অংশগ্রহণের তারিখ, সময় ও স্থান
০১	৬নং আউলিয়াপুর	মুহু ডাঙ্গা	মুহু ডাঙ্গা	২৮,৬৭,১০৩	২৮,৬৭,১০৩/-	০১ নভেম্বর ২০২৩ ১০.০০ ঘটিকা উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর।
০২	৬নং আউলিয়াপুর	টিকপির মাঠ	টিকপির মাঠ	২৪,৮৬,৪৫৯	২৪,৮৬,৪৫৯/-	০১ নভেম্বর ২০২৩ ১০.৩০ ঘটিকা উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর।
০৩	৬নং আউলিয়াপুর	খামার ঝারবাড়ি	খামার ঝারবাড়ি, প্রমোদতরী	৭,৫০,০০০	৭,৫০,০০০/-	০১ নভেম্বর ২০২৩ ১১.০০ ঘটিকা উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর।

শর্তাবলী

- ১। নিলামে অংশগ্রহণকারীকে হালনাগাদ ব্যবসায়ী ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, টিন এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তিকে জামানত হিসেবে ভিত্তি মূল্যের উপর ৩০% টাকা (দিনাজপুর সদর উপজেলা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে (ফেরত যোগ্য)।
- ৩। নিলামকারীর দাখিল কৃত দর দাণ্ডরিক ভিত্তি মূল্যের চেয়ে কম হওয়া যাবে না।
- ৪। কর্তৃপক্ষের বিবেচনা সাপেক্ষে সর্বোচ্চ দরদাতা কে কার্যাদেশ প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, প্রদত্ত মূল্য পরিশোধ ব্যর্থ হইলে দরদাতার জামানতের ৩০% মূল্যের পে-অর্ডার বাতিল বলে গণ্য হইবে।
- ৫। উত্তীর্ণ নিলামকারীকে ৩০% জামানতের টাকা বাদে বাকি টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার দিনাজপুর বরাবর দাখিল করতে হবে।
- ৬। উত্তীর্ণ নিলামকারীকে উদ্ধৃত দরের উপর সরকারী নিয়মানুযায়ী ১৫% ভ্যাট এবং আয়কর ১০% জমা প্রদান করতে হবে।
- ৭। কার্যাদেশ প্রাপ্তির ০৪ (চার) মাসের মধ্যে বিক্রিত বালি স্থানান্তর করতে হবে। উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। অবশিষ্ট মাটি/বালি কর্তৃপক্ষ পুনরায় নিলামের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৮। সরেজমিনে মাটি/বালির পরিমাণ যাচাইপূর্বক নিলামে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে মাটি/বালির পরিমাণ এবং রাস্তাঘাট সম্পর্কিত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- ৯। নির্দিষ্ট সময়ের মধ্যে ডাম্পিং স্পট এর পার্শ্ববর্তী জমিজমা, ব্রিজ, কালভার্ট, ফসল, রাস্তাঘাট, সীমানা, বৈদ্যুতিক খুঁটি ইত্যাদি কোন ধরনের ক্ষতিগ্রস্ত হলে ডাকদাতা তা বহন করিতে বাধ্য থাকবে এবং কার্যাদেশ পরবর্তীকালে বাতিল ও হতে পারে।
- ১০। নিলামকৃত মাটি/বালি গ্রাউন্ডলেভেল (GL) এর নিচে উত্তোলন করা যাবে না।
- ১১। নদী থেকে ড্রেজিং বা অন্য কোন মাধ্যমে মাটি/বালি উত্তোলন করা যাবে না।
- ১২। ইতোপূর্বে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান সরকারের রাজস্ব খেলাফি থাকলে তার/তাদের নিলাম বাতিল বলে গণ্য হবে।
- ১৩। বালি/মাটি পরিবহনে ডাম্প ট্রাক ব্যবহার করা যাবে না।
- ১৪। কোন ভাবে ট্রিপল/পলিথিন ব্যতীত বালি খোলা ট্রাকে পরিবহন করা যাবে না।
- ১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম উপ-কমিটি উক্ত নিলাম ডাক বাতিল/সংশোধন/পরিবর্তনের ক্ষমতা রাখে।

২৫/১০/২০২৩
(মো: রমিজ আলিম)

উপজেলা নির্বাহী অফিসার ও
আহবায়ক, উপজেলা ড্রেজড ম্যাটেরিয়াল কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।